মাস্ক পরার শর্তে এডিট বাটন আনবে টুইটার

মাইক্রো ব্লগিং সাইট টুইটার জানিয়েছে, মহামারী করোনাভাইরাসের প্রাদুর্ভাব মোকাবেলায় সবাই মাস্ক পরে কর্তৃপক্ষকে সহায়তা করলেই প্ল্যাটফরমে বহু প্রতীক্ষিত এডিট বাটন যোগ করা হবে।

বেশ কয়েকটি টুইট বার্তায় মাস্ক পরা এবং সামাজিক দূরত্ব বজায় রাখার বিষয়ে জোর দিয়েছে প্রতিষ্ঠানটি। সম্প্রতি প্রতিষ্ঠানটি বলেছে, ‘সবাই মাস্ক পরলে, আপনারা একটি এডিট বাটন পেতে পারেন’।

‘সবাই মানে সবাই’- বলছে প্রতিষ্ঠানের আরেক টুইটে।

দুর্ঘটনাবশত ভুল বানানে টুইট করে ফেললে লজ্জা থেকে বাঁচার জন্য এডিট বাটনের প্রত্যাশা গ্রাহকের বহু দিনের। এর আগে প্রতিষ্ঠানপ্রধান জ্যাক ডরসি বলেছেন, ‘সম্ভবত’ এডিট বাটন কখনই আসবে না। সম্প্র্রতি ডরসি বলেন, ‘আমরা এসএমএস, টেক্সট বার্তা সেবা হিসেবে শুরু করেছি। আর আপনারা সবাই জানেন, একবার বার্তা পাঠালে আপনি আর সেটি ফেরত পাবেন না। শুরুর দিকে আমরা এ আবহ এবং অনুভূতিই ধরে রাখতে চেয়েছি’।

এডিট বাটনের জন্য টুইটারের নতুন পরিকল্পনায় তাৎক্ষণিক প্রতিক্রিয়া জানিয়েছেন অনেক গ্রাহক। টুইট বার্তায় ডৌগ সন্ডারস নামের এক গ্রাহক বলেন, ‘ওকে, টুইটার এখন আমাকে মাস্ক না পরার একটি কারণ দিয়েছে’।